# Jadavpur University
# Department of Philosophy
# Admission Test for B.A. (Honours)
# 2022

**Time: 2 Hours** **Full Marks: 50**

1. Read the following passage and answer the questions: (20)

"...many men, under the influence of science or of practical affairs, are inclined to doubt whether philosophy is anything better than innocent but useless trifling, hair-splitting distinctions, and controversies on matters concerning which knowledge is impossible .This view of philosophy appears to result, partly from a wrong conception of the ends of life, partly from a wrong conception of the kind of goods which philosophy strives to achieve. Physical science, through the medium of inventions, is useful to innumerable people who are wholly ignorant of it; thus the study of physical science is to be recommended, not only, or primarily, because of the effect on the student, but rather because of the effect on mankind in general. Thus utility does not belong to philosophy. If the study of philosophy has any value at all for others than students of philosophy, it must be only indirectly, through its effects upon the lives of those who study it.

If poverty and disease had been reduced to their lowest possible point, there would still remain much to be done to produce a valuable society; and even in the existing world the goods of the mind are at least as important as the goods of the body. It is exclusively among the goods of the mind that the value of philosophy is to be found; and only those who are not indifferent to these goods can be persuaded that the study of philosophy is not waste of time.

Philosophy, like all other studies, aims primarily at knowledge. The knowledge it aims at is the kind of knowledge which gives unity and system to the body of the sciences, and the kind which results from a critical examination of the grounds of our convictions, prejudices, and beliefs. But it cannot be maintained that philosophy has had any very great measure of success in its attempt to provide definite answers to its questions. If you ask a mathematician, a mineralogist, a historian, or any other man of learning, what definite body of truths has been ascertained by his science, his answer will last as long as you are willing to listen. But if you put the same question to a philosopher, he will, if he is candid, have to confess that his study has not achieved positive results such as have been achieved by other sciences. It is true that this is partly accounted for by the fact that, as soon as definite knowledge concerning any subject becomes possible, this subject ceases to be called philosophy, and becomes a separate science.

a. Summarize the following passage in your own words. 10
b. Do you agree that philosophy does not have any value as do the physical sciences have? 5
c. How is philosophy different from other sciences in respect of knowledge? 5

[ Turn over

2. Write an essay on **any one** of the following topics: 15

   a. The world as I would like to see
   b. Socializing during the Pandemic
   c. Positive Mental Health
   d. Learning from Failure

3. Give arguments **for OR against any one** of the following contentions: 10

   a. We want to be immoral
   b. Open book examinations should replace the present system of examination
   c. One should be selfish to be happy
   d. Reading books is redundant in the age of Internet

1. Choose the right answer: 1x5= 5

a) 3, 4, 7, 8, 11, 12, ... Find the next number.
   1. 7
   2. 10
   3. 14
   4. 15

b) FAG, GAF, HAI, IAH, ___
   1. JAK
   2. HAL
   3. HAK
   4. JAI

c) *Tripitakas* are sacred books of
   1. Buddhists
   2. Hindus
   3. Jainas
   4. None of the above

d) The only daughter of the mother-in-law of my mother is my
   1. Paternal aunt
   2. Sister
   3. Daughter
   4. Grandmother

e) What kind of right is 'freedom of speech'?
1. Economic Right
2. Social Right
3. Fundamental Right
4. None of the Above

বঙ্গানুবাদ

প্রশ্ন ১) নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর দাওঃ (২০)

অনেক ব্যক্তি বিজ্ঞানের প্রভাবে বা ব্যাবহারিক ধারণার প্রভাবে সন্দেহ করতে প্রবৃত্ত হন যে দর্শন নিরর্থক তুচ্ছ বিষয়ে চুলচেরা পার্থক্যের আলোচনা মাত্র এবং যে বিষয়ে জ্ঞান অসম্ভব সেই বিষয়ে মতপার্থক্যের উপস্থাপন ভিন্ন অন্য কিছু নয়। দর্শন সম্পর্কিত এই মতটির উৎপত্তি ঘটেছে জীবনের লক্ষ্য বিষয়ক ভ্রান্ত ধারণা থেকে এবং কিছুটা ঘটেছে দর্শন যে মঙ্গল লাভ করতে চায় সেই মঙ্গল সম্পর্কে যথাযথ ধারণা না থাকা বশত। ভৌতবিজ্ঞান নিত্যনতুন আবিষ্কারের মাধ্যমে অসংখ্য মানুষের অশেষ কল্যাণ সাধন করে চলেছে যদিও সেই বিষয়ে সেই সকল মানুষ নিজেরাই সম্পূর্ণভাবে অবহিত নয়। তাই নিছক বা মুখ্যতঃ ছাত্রের উপর প্রভাবের কারণেই নয়, সমগ্র মানবজাতির উপর প্রভাবের কারণেই ভৌতবিজ্ঞান বিষয়েক চর্চা অনুমদন যোগ্য। এই ধরণের উপযোগিতা বা প্রভাব দর্শনের ক্ষেত্রে দেখতে পাওয়া যায় না, তাই দর্শনের ছাত্র ভিন্ন অন্য কারুর কাছে যদি দর্শনচর্চার উপযোগিতা থাকে , তাহলে তা থাকবে কেবলমাত্র পরোক্ষভাবে- যারা দর্শন অধ্যয়ন করেছে তাদের জীবনে এর প্রভাবের ভিত্তিতেই এই চর্চার উপযোগিতা উপলব্ধ হতে পারে।

যদি ধরে নেওয়া যায় যে অন্ন বস্ত্রের কোন অভাব নেই, রোগ শোক এর কোন ভয় নেই তাহলেও কিন্তু মুল্যবোধ সম্পন্ন সমাজ ব্যাবস্থা গঠন এর জন্য অনেক কিছু করা বাকি। বর্তমান সমাজ ব্যবস্থায় মানসিক মঙ্গল দৈহিক মঙ্গল এর মতন গুরুত্বপূর্ণ। এই মানসিক মঙ্গল এর ক্ষেত্রেই একমাত্র দর্শনের মুল্য বা গুরুত্ব খুঁজে পাওয়া যায়। এবং যারা এই মানসিক মঙ্গল সম্পর্কে উদাসীন নন, তাদেরকেই বোঝানো যেতে পারে যে দর্শন চর্চা অকারণ সময় নষ্ট নয়।

অন্যান্য শাস্ত্রের মতো দর্শনও মুখ্যতঃ জ্ঞান লাভ করতেই চায়। দর্শন এর লক্ষ্য এমন জ্ঞান যা সকল বৈজ্ঞানিক জ্ঞান এর মধ্যে ঐক্য স্থাপন করে, এবং আমাদের বিশ্বাস , ধারণা, সাধারণ বোধ প্রভৃতির মাধ্যমে উৎপন্ন জ্ঞানের সবিচার পরীক্ষা করে। কিন্তু এ কথা বলা যায়না যে দর্শন তার নিজের প্রশ্নগুলিরই সুনির্দিষ্ট উত্তর দেওয়ার ব্যাপারে সাফল্য অর্জন করেছে। যদি একজন গণিতজ্ঞ, খনিজতত্ত্ববিদ্ , ঐতিহাসিক অথবা অন্য কোন শাস্ত্রজ্ঞ ব্যক্তি কে জিগ্যেস করা হয় যে তাঁর শাস্ত্রে কী কী সুনির্দিষ্ট সত্য প্রতিষ্ঠিত, তাহলে তাঁর উত্তর ততক্ষণই চলতে থাকবে যতক্ষণ শ্রোতার শোনার আগ্রহ থাকবে। কিন্তু এই একই প্রশ্ন যদি একজন দার্শনিক এর সামনে উপস্থাপন করা হয় এবং তিনি যদি সত্যনিষ্ঠ হন তিনি স্বীকার করতে বাধ্য যে তাঁর শাস্ত্র সেরকম

[ Turn over

কোন সুনির্দিষ্ট সদর্থক সিদ্ধান্ত প্রতিষ্ঠা করতে সমর্থ হয়নি যা অন্য বিজ্ঞান প্রতিষ্ঠা করতে পারে। এর অন্যতম কারণ হল যে যখনই কোন বিষয়ে সুনির্দিষ্ট জ্ঞান অর্জিত হয়েছে, তখন সেই বিষয়টি আর দর্শন বলে পরিগণিত হয়নি, তা পৃথক একটি বিজ্ঞানে পর্যবসিত হয়েছে।

ক) এই অনুচ্ছেদটির সারাংশ নিজের ভাষায় লেখ। ১০

খ) তুমি কি একমত যে ভৌত বিজ্ঞানগুলির যে ধরণের মুল্য আছে দর্শনের সেই ধরণের কোন মুল্য নেই। ৫

গ) জ্ঞানের পরিপ্রেক্ষিতে দর্শন অন্যান্য বিজ্ঞানের থেকে কিভাবে পৃথক তা আলোচনা কর। ৫

প্রশ্ন ২) নিম্নোক্ত যে কোন **একটি** বিষয়ের উপর রচনা লেখঃ- (১৫)

ক) জগৎকে যেমন আমি দেখতে চাই

খ) মহামারীর কালে সামাজিকতা

গ) সদর্থক মানসিক স্বাস্থ্য

ঘ) ব্যর্থতা থেকে শিক্ষা

প্রশ্ন ৩) নিম্নলিখিত যে কোনও **একটি মতের সপক্ষে অথবা বিপক্ষে** যুক্তি দাওঃ – (১০)

ক) আমরা অনৈতিক হতে চাই

খ) খোলা – বই- পরীক্ষা বর্তমান পরিক্ষা ব্যাবস্থার পরিপূরক হওয়া উচিত

গ) সুখী হতে গেলে স্বার্থপর হওয়া উচিত

ঘ) অন্তর্জালের যুগে বই পড়া অবান্তর হয় পড়েছে

প্রশ্ন ৪) সঠিক উত্তরটি চিহ্নিত কর : ১x৫=৫

ক) 3, 4, 7, 8, 11, 12, ... এই শুন্য স্থানে কোন্ সংখ্যাটি বসবে?

১। 7

২। 10

৩। 14

৪। 15

খ) FAG, GAF, HAI, IAH, ___ এই শুন্য স্থানে কোন্ বর্ণক্রমটি বসবে?

১। JAK

২। HAL

৩। HAK

৪। JAI

গ) ত্রিপিটক কাদের ধর্মগ্রন্থ?

১। বৌদ্ধ

২। হিন্দু

৩। জৈন

৪। এর মধ্যে কোনটিই নয়

ঘ) আমার মায়ের শ্বাশুড়ীর একমাত্র মেয়ে হয় আমার

১। পিসি

২। দিদি/বোন

৩। মেয়ে

৪। দিদিমা/ঠাকুমা

ঙ) বাকস্বাধীনতা কী ধরণের অধিকার?

১। অর্থনৈতিক অধিকার

২। সামাজিক অধিকার

৩। মৌলিক অধিকার

৪। এর মধ্যে কোনটিই নয়